

### 8.1.1 জলাভূমির সংজ্ঞা [WETLANDS]

জলাভূমি কাকে বলে তার সংজ্ঞা নিয়ে নানা ধরনের মতপার্থক্য আছে। শুকনো ডাঙডাঙি এবং খোলা জল—এই দুই-এর সীমানায় অবস্থিত এই বাস্তুদ্রের বৈচিত্র্য এত বেশী যে এর নির্দিষ্ট সংজ্ঞা দেওয়া মুশকিল। জলাভূমির বহুল প্রচলিত সংজ্ঞা ইরানে কার্পিয়ান সাগরের তীরে অনুষ্ঠিত রামসার সম্মেলন (Ramsar Convention, 1971) এভাবে দিয়েছে : ‘areas of marsh, fen, peatland or water, whether natural or artificial, permanent or temporary, with water that is static or flowing, fresh, brackish or salt including areas of marine waters, the depth of which at low-tide does not exceed six meters’। অর্থাৎ ভূপৃষ্ঠের উপরে সমস্ত জলে ঢাকা এলাকাকে জলাভূমি বলা হয়—ছোট-বড় নানা আয়তনের পুকুর, বিল, ডোবা ও অন্যান্য জলে ঢাকা নীচু জমি, সমুদ্রের কাছাকাছি উপকূল অঞ্চলে অবস্থিত হৃদ ও নীচু এলাকা প্রভৃতি। জলাভূমি আবন্দ বা বহমান, স্থায়ী বা অস্থায়ী, কৃত্রিম (মানুষের তৈরী) বা স্বাভাবিক, এর জল মিষ্ট, কষায় বা লবণাক্ত—যে কোনো ধরনের হতে পারে।

### 8.1.2 জলাভূমির বৈশিষ্ট্য

সাধারণভাবে জলাভূমির তিনটি প্রধান বৈশিষ্ট্য আছে :

- ① জলাভূমিতে জলের উপস্থিতি;
- ② আশপাশের শুকনো বা ডাঙা জমির চেয়ে পৃথক ধরনের মাটি; এবং
- ③ জলজ উদ্ভিদের (hydrophytes) প্রাচুর্য।

জিন ও কোপল্যান্ড (Zinn and Copeland, 1982) জলাভূমির আরও কতকগুলি বৈশিষ্ট্যের উল্লেখ করেছেন :

- ★ প্রায় সব সময়ে জল থাকলেও জলের গভীরতা ও স্থায়িত্বের হেরফের হতে পারে;
- ★ গভীর জল এবং ভূপৃষ্ঠের শুকনো উচু জমির সীমানায় অবস্থান;
- ★ জলাভূমির আয়তনের তারতম্য ঘটতে পারে : তৃণভূমির ছোট গর্ত থেকে শুরু করে কয়েক হেক্টার পর্যন্ত, এমনকি কয়েকশো বর্গকিলোমিটার পর্যন্ত বিস্তৃত হতে পারে;
- ★ অবস্থানে প্রচুর তারতম্য ঘটতে পারে—উপকূলীয় অবস্থান থেকে শুরু করে মহাদেশের অভ্যন্তরে, গ্রাম থেকে শুরু করে শহরে, যে কোনো স্থানে জলাভূমি অবস্থিত হতে পারে;
- ★ মানুষের কাজকর্মের দ্বারা জলাভূমি কতটা প্রভাবিত—এই মাত্রায় হেরফের ঘটতে পারে।

মার্কিন যুক্তরাষ্ট্রের মৎস্য ও বন্যপ্রাণী সেবা 1956 সালে জলাভূমির সংজ্ঞা দেন এভাবে : ‘Wetlands are lands transitional between terrestrial and aquatic systems where the water table is usually at or near the surface or the land is covered by shallow water’। এই সংজ্ঞা অনুসারে জলাভূমির তিনটি বৈশিষ্ট্য পাওয়া যায় :

- ফসল ফলার খুতুতে কমপক্ষে একটানা সাতদিন জল থাকতে হবে;
- জলের ও মাটির মধ্যে বছরের বিশেষ বিশেষ সময়ে কম অক্সিজেনে অভ্যন্ত এমন উদ্ভিদ জন্মায়; এবং
- জলাভূমির তলদেশের মাটিতে বাতাসের অভাব, কারণ তা বেশীরভাগ সময়ে জলে সম্পৃক্ত হয়ে থাকে।

## ■ জলাভূমির গুরুত্ব (Importance of Wetlands) :

**ক. ভৌত গুরুত্ব (Physical Importance) :** জলাভূমি প্রাকৃতিক ভারসাম্য রক্ষায় অত্যন্ত গুরুত্বপূর্ণ। জনবসতির অনিয়ন্ত্রিত বৃদ্ধির আগে জলা-ভূমিগুলিতে মানুষের হস্তক্ষেপ বিশেষ ছিল না। (i) জলাভূমি প্রচুর পরিমাণে জলধারণ করে বন্যার প্রকোপ হ্রাসে সাহায্য করে। (ii) ভৌমজল বিচার্জ ও ডিসচার্জ সাহায্য করে। (iii) জলজ উদ্ধিদ বিপুল পরিমাণে ও বৈচিত্র্যে নিয়ে জন্মায়। (iv) বন্যার জল আটকে রেখে বন্যা নিয়ন্ত্রণ করে। (v) ম্যানগ্রোভ জলাভূমি ঝড়ের প্রকোপ হ্রাস করে। (vi) পৌরাণিগুলের দুষিত বায়ু নিকটস্থ জলাভূমির কম দূষিত বায়ুর সঙ্গে স্থান বিনিময় করে পৌরাণিগুলের বায়ু দূষনের মাত্রায় ভারসাম্য রক্ষা করে। (vii) জলাভূমি একটি পরিপূর্ণ বাসুসংস্থান সৃষ্টি ও লালন করে। (viii) জীববৈচিত্র্য সংরক্ষণসহ বহু প্রাণীর আশ্রয় ও প্রজননস্থল হয়ে থাকে।

**খ. অর্থনৈতিক ও সাংস্কৃতিক গুরুত্ব (Economic and Cultural Importance) :** (i) জলাভূমির জল সেচ ও পানীয়র উপযোগী হতে পারে। না হলে বিশুদ্ধকরণ প্রক্রিয়া প্রয়োগ করে জল ব্যবহারোপযোগী করে নেওয়া যায়। (ii) মৎসচাষে জলাভূমির ব্যাপক ব্যবহার দেখা যায় এশিয়াসহ বিভিন্ন মহাদেশে। (iii) জলাভূমির অনেক উদ্দিদ ভেষজ খাদ্য এবং ঔষধ শিল্পে কাঁচামাল যোগায়। এটি পশুখাদ্যেরও যোগান দেয়। (iv) জলাভূমিতে প্রয়োজনে নৌযান চলাচলও গড়ে ওঠে। (v) কুঁড়ে ঘরের ছাউনি (হোগলা পাতা, জলাভূমিতে ধান) ও জ্বালানি সরবরাহ করে। (vi) জলাভূমির নান্দনিক সৌন্দর্য — এর নৈসর্গিকতা ও বিভিন্ন পাখির আগমনে যে নান্দনিক সৌন্দর্য সৃষ্টি হয় তা পর্যটকদের আকৃষ্ট করে ও অর্থনৈতিক সম্ভাবনা গড়ে তোলে।